



# একটি পোষ্টার তৈরী করা

টিপস্ ও ফ্যাক্ট  
সীট

সচেতনতা বৃদ্ধি বা কোন বিষয়ে তথ্য জানানোর জন্যে পোষ্টার ব্যবহার কর ন। পোষ্টার কোন বিষয়ে আগ্রহকে বৃদ্ধি করে এবং ঐ বিষয়ে আলোচনা করতে উৎসাহিত করে।

## করণীয়:

- ছবি এবং গ্রাফিক্স এর উপর গুরু ত্ব দেয়া
- সম্ভব হলে সামান্য কিছু কথা সন্নিবেশিত করা
- পোষ্টারটির প্রতিটি জিনিষই প্রয়োজনীয় তা নিশ্চিত করা।

আরও বেশী তথ্য জানানোর জন্যে এর সমর্থনে কিছু হ্যাভবিল তৈরী করা যেতে পারে।

## ১. প্রস্তুতি ও বিন্যাস

- বার্তা: বোঝার জন্যে ২/৩টি পয়েন্ট উল্লেখ কর ন।
- শিরোনাম: শিরোনামটি কি কাজ করবে তা নির্দেশক হতে হবে।
- বিন্যাস: কোন বিষয়টি কোথায় স্থাপন করলে পোষ্টারটি অর্থবহ হয় তা নির্ধারণ কর ন। একটি বই যেমন সহজে পড়া যায় তেমনি পোষ্টারের তথ্যগুলোও সহজ হতে হবে। যেমন, ইংলিশে বাম থেকে ডানে বা উপর থেকে নীচে লেখা বিন্যাস থাকে।
- গতি: পাঠককে নির্দেশনা দেয়ার জন্যে, অক্ষর বিন্যাস বা ক্রমিক নং ব্যবহার করা ভালো।
- প্রাকমূল্যায়ন: পোষ্টারটি প্রচারের জন্যে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার আগে অন্যান্যদেরও পরামর্শ নিন।

## ২. বিবরণ ও ছবি:

- সকলের দৃষ্টি প্রথমেই ছবির দিকে যায়
- ভালো মানের ছবি সবসময়ই পোষ্টারকে প্রভাবিত করে
- ছবির বিষয়বস্তু নিজেই যাতে নিজেকে ব্যাখ্যা করতে পারে।
- ছবিটি যাতে প্রধান-প্রধান পয়েন্টের উপর জোর দেয়, ছবিতে এ রকম কোন দৃশ্য বর্জনীয় যা বিষয়বস্তুকে বিভ্রান্ত করে।

## ৩. পাঠ্যবস্তু:

- ছোট-ছোট বাক্য ব্যবহার কর ন
- সহজ শব্দ ব্যবহার কর ন
- শব্দগুলো সহজ ও হৃদয়গ্রাহী করার বিষয়ে সচেতন হোন
- অশুদ্ধ ভাষা, অকারন সংক্ষিপ্ততা পরিহার কর ন।

পোষ্টার হচ্ছে প্রাথমিক ভাবে দর্শনীয় (শুধু লেখা নয়) উপস্থাপনা



মনোযোগ আকর্ষণের জন্য  
পোষ্টারে ছবি ব্যবহৃত হয়

## ৪. অক্ষর:

- ১ মিটার দূর থেকে যাতে পড়া যায় এই রকম অক্ষর ব্যবহার কর ন।
- ৮০-১৫০ পয়েন্টের অক্ষর ব্যবহার করে পোষ্টারের উপরের অংশে শিরোনাম উল্লেখ কর ন।
- উপ-শিরোনামটি ৬০ পয়েন্ট অক্ষরে লেখা ভালো। সাধারণত পাঠ্য বিষয়ে ২৪ পয়েন্ট অক্ষর ব্যবহার করা উচিত।
- বিভিন্ন ধরনের অক্ষর ব্যবহার পরিহার কর ন।
- সহজবোধ্য অক্ষর ব্যবহার কর ন। যেমন, ইংলিশের ক্ষেত্রে:  
\* এরিয়েল  
\* সেধুগরী গথিক  
\* ফ্রাঙ্কলিন গথিক মিডিয়াম  
\* লুসিডা
- আন্ডারলাইন, বোল্ড বা বিশেষ কোন শব্দে অন্য রঙ্গের ব্যবহার কর ন।
- বড় হাতের অক্ষরের বেশী ব্যবহার পরিহার কর ন।

সমস্ত অক্ষর বড় হাতের হলে তা  
পড়া কষ্টকর

## ৫. রং এর ব্যবহার:

- ২/৩ টির বেশী রং এর ব্যবহার করা উচিত নয়।
- ছবিকে ফুটিয়ে তোলার জন্যে ব্যাকগ্রাউন্ডে ধূসর বা গাঢ় রং ব্যবহার কর ন। রঙ্গিন ছবির প্রাধান্য কমাতে সাদা ব্যাকগ্রাউন্ড ব্যবহার কর ন।